গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-৬৬

# বিশ্ব বসতি দিবস উদ্‌যাপনের প্রস্তুতি সভা অনুষ্ঠিত

রাজশাহী; ৩০ ভাদ্র (১৪ সেপ্টেম্বর):

আগামী ৬ অক্টোবর (সোমবার) বিশ্ব বসতি দিবস। এ উপলক্ষ্যে আজ রবিবার (১৪ সেপ্টেম্বর) বিভাগীয় কমিশনার কার্যালয়ের মিনি সম্মেলন কক্ষে এক প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ।

প্রস্তুতি সভার সিদ্ধান্ত অনুসারে ওইদিন সকাল দশটায় রাজশাহী বিভাগীয় কমিশনার কার্যালয় হতে একটি বর্ণাঢ্য র‍্যালি বের হয়ে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে বিভাগীয় কমিশনার কার্যালয়ে গিয়ে শেষ হবে। পরে সকাল সাড়ে দশটায় বিভাগীয় কমিশনার কার্যালয়ের সম্মেলনকক্ষে দিবসটির প্রতিপাদ্যের উপর এক আলোচনা সভা অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য যে, প্রতিবছর অক্টোবর মাসের ১ম সোমবার বিশ্বব্যাপী দিবসটি উদ্‌যাপন করা হয়। দিবসটির এবারের প্রতিপাদ্য 'আরবান ক্রাইসিস রেসপন্স' যার বাংলা করা হয়েছে 'পরিকল্পিত উন্নয়নের ধারা, নগর সমস্যায় সাড়া'।

..............................................................................
তৌহিদ/স্মিতা/আলীম/রুহুল/২০২৫/১৬:৩০ ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd